

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ২৫

আরবি মূল আয়াত:

إِنْ هُوَ إِلَّا رَجُلٌ بِهِ جِنَّةٌ فْتَرَبَّصُوا بِهِ حَتَّىٰ حِينٍ ﴿٢٥﴾

অনুবাদসমূহ:

‘সে কেবল এমন এক লোক, যার মধ্যে পাগলামী রয়েছে। অতএব তোমরা তার সম্পর্কে কিছুকাল অপেক্ষা কর’।

— আল-বায়ান

এতো এমন লোক যাকে পাগলামিতে পেয়েছে, কাজেই তার ব্যাপারে তোমরা কিছু কাল অপেক্ষা কর। — তাইসিরুল

সেতো এক উন্মাদ ব্যক্তি বৈ নয়; সুতরাং এর সম্পর্কে তোমরা কিছুকাল অপেক্ষা কর। — মুজিবুর রহমান

He is not but a man possessed with madness, so wait concerning him for a time." — Sahih International

২৫. এ তো এমন লোক যাকে উন্মাদনা পেয়ে বসেছে; কাজেই তোমরা এর সম্পর্কে কিছুকাল অপেক্ষা কর।

তফসীরে জাকারিয়া

(২৫) এ তো এমন লোক যাকে উন্মুক্ততা পেয়ে বসেছে; সুতরাং এর সম্পর্কে তোমরা কিছুকাল অপেক্ষা কর।’ [1]

[1] এ ব্যক্তি আমাদের পিতৃপুরুষদের দেবদেবীর পূজা করার জন্য বোকা ও বেকুফ মনে করে, বরং মনে হচ্ছে সে নিজেই পাগল। এর দাওয়াতও শেষ হয়ে যাবে। বা তার পাগলামি দূর হয়ে যাবে ও দাওয়াতের কাজ নিজেই ছেড়ে দেবে।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2698>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন